RPGCL
A Company of Petrobangla
বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50
Plot-27, New Airport Road, Nikunja-2, Khilkhet, Dhaka-1229, Bangladesh
Ph.: 880-2-8900142, Fax: 880-2-58953948, web: www.rpgcl.org.bd
মুজিব শতবর্ষ MUJIB 100

# নিয়োগ বিজ্ঞপ্তি

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

সূত্র নং: ২৮.১৯.০০০০.৩০৩.৩১.০০২.২০.৯৪১ তারিখ: ০২/০২/২০২২

রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এ নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাদি পূরণ সাপেক্ষে অনলাইন (online) পদ্ধতিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক | পদের নাম | বেতনস্কেল ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | **সহকারী প্রকৌশলী** (মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক/সিভিল)। | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | মেকানিক্যাল-১, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক-১ ও সিভিল-২ মোট = ০৪ (চার) টি | সংশ্লিষ্ট বিষয়ে (মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক/সিভিল) বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সমেত সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ২। | **সহকারী ব্যবস্থাপক (আইসিটি)** | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | ০১ (এক) টি | কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজিতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণিতে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি/ইউজিসি কর্তৃক প্রবর্তিত সমমানের গ্রেড। |
| ৩। | **সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)** | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | ০৩ (তিন) টি | প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর অথবা কমপক্ষে দ্বিতীয় শ্রেণিতে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি/ ইউজিসি কর্তৃক প্রবর্তিত সমমানের গ্রেড। |
| ৪। | **সহকারী ব্যবস্থাপক (হিসাব)** | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | ০২ (দুই) টি | বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণিতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর অথবা সিএ/আইসিএমএ/এমবিএ ডিগ্রি অথবা কমপক্ষে দ্বিতীয় শ্রেণিতে ০৪ বছর মেয়াদি বাণিজ্যে স্নাতক (সম্মান) ডিগ্রি/ইউজিসি কর্তৃক প্রবর্তিত সমমানের গ্রেড। |
| ৫। | **সহকারী কর্মকর্তা (প্রশাসন)** | ১৬,০০০-৩৮৬৪০/- গ্রেড-১০ | ০২ (দুই) টি | স্নাতকোত্তর অথবা প্রশাসনিক ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রি। |
| ৬। | **উপ-সহকারী প্রকৌশলী** (সিভিল/অটোমোবাইল) | ১৬,০০০-৩৮৬৪০/- গ্রেড-১০ | সিভিল-১ ও অটোমোবাইল-১ মোট = ০২ (দুই) টি | সংশ্লিষ্ট বিষয়ে (সিভিল/অটোমোবাইল) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং। |

**শর্তাবলি:**

১। **অনলাইনে আবেদনপত্র গ্রহণ, পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ এবং সময়:**

এ বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীদেরকে অনলাইনে আবেদন করতে হবে। সেলক্ষ্যে http://rpgcl.teletalk.com.bd ওয়েবসাইটে লগইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ এবং সময় নিম্নরূপ:

(ক) ১৫/০২/২০২২ সকাল ১০:০০ টা থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।

(খ) ১৫/০৩/২০২২ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই সম্পন্ন করতে হবে।

(গ) শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদন submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। **অনলাইনে আবেদন করার পদ্ধতি:**

(ক) প্রার্থীকে Teletalk Bangladesh Ltd.-এর Web address (http://rpgcl.teletalk.com.bd) অথবা রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর Web address (www.rpgcl.org.bd)-এর মাধ্যমে আরপিজিসিএল কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Advertisement, Instructions for Submitting Application এবং ০৬ (ছয়) ক্যাটাগরি পদের জন্য নির্ধারিত Application Form (আবেদন ফরম) এর রেডিও বাটন দেখা যাবে। Advertisement-এর রেডিও বাটন ক্লিক করলে বিজ্ঞাপন পাওয়া যাবে। রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর Web address (www.rpgcl.org.bd) -এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী এ Instruction অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত করে Application Form-এর প্রতিটি Field-এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণে Form পূরণ এবং লাল তারকা চিহ্ন Field সমূহ অবশ্যই পূরণ করতে হবে। জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর অবশ্যই দাখিল করতে হবে।

(খ) **ছবি (Photo):** আবেদন ফরম (Applicaiton Form) সঠিকভাবে পূরণ সম্পন্ন হলে Application ফরমটির Preview দেখা যাবে। Preview-এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের সম্প্রতি তোলা রঙিন ছবি Scan করে Upload করতে হবে। সাদা-কালো ছবি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, ছবির আকার হবে 300 x 300 Pixel (JPG Format), কোনভাবেই এর কম বা বেশি নয় এবং File size হবে সর্বোচ্চ 100 KB. উল্লিখিত মাপের ছবি না হলে আবেদনপত্র বাতিল হবে। সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page এর Help menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) **স্বাক্ষর (Signature):** Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে নিজের স্বাক্ষর Scan করে Upload করতে হবে। উল্লেখ্য, স্বাক্ষরের আকার হবে 300x 80 Pixel (JPG Format), কোনোভাবেই এর কম বা বেশি নয় এবং File size হতে হবে সর্বোচ্চ 60 KB.। উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রার্থীর নির্দিষ্ট মাপের স্বাক্ষর না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঘ) **ঘোষণা (Declaration):** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (Application Form) ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। এরূপ কাজের জন্য ভবিষ্যতে RPGCL তার বিরুদ্ধে যে কোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) **SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে রঙিন প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID দেওয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে Teletalk Bangladesh Ltd. কর্তৃক SMS এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে:

(i) **প্রথম SMS:** RPGCL<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।
Example : RPGCL ABCDEF
Reply: Applicant's Name, Tk-500.00 will be charged as application fee. Your PIN is (8 digit number) e.g.-xxxxxxxx
To pay fee (পরীক্ষার ফি জমা): Type RPGCL< Space>Yes<Space>PIN and send to 16222.

(ii) **দ্বিতীয় SMS:** RPGCL<space>Yes<Space>PIN লিখে send করুন 16222 নম্বরে
Example : RPGCL YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for RPGCL Application for <post name>
User ID is (xxxxxx) and Password (xxxxxxxx).

"বিশেষভাবে উল্লেখ্য, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গ্রহণ করা হবে না"।

(চ) **প্রবেশপত্র (Admit Card):** প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://rpgcl.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)-এর Web address (www.rpgcl.org.bd)-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। উপরের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি জমা হলে টেলিটক হতে প্রেরিত উত্তরে প্রার্থীকে একটি User ID এবং পাসওয়ার্ড ব্যবহার করে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান ইত্যাদি সংবলিত Admit Card (প্রবেশপত্র) download করে রঙিন প্রিন্টপূর্বক সংরক্ষণ করতে হবে। এই Admit Card (প্রবেশপত্র)টি লিখিত/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সঙ্গে আনতে হবে।

(ছ) **পাসওয়ার্ড মুছে গেলে বা হারিয়ে গেলে:** শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত পদ্ধতিতে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

i) User ID জানা থাকলে মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন RPGCL<Space>Help<Space>User>Space>User ID and send to 16222 (Example: RPGCL HELP USER ABCDEF & Send to 16222) ।

ii) PIN Number জানা থাকলে RPGCL<Space>Help<Space>PIN>Space>PIN No. and send to 16222 (Example: RPGCL HELP PIN xxxxxxxx & Send to 16222) ।

(জ) **অনলাইনে আবেদনে সমস্যা হলে:** Online পদ্ধতিতে আবেদন করতে কোনো সমস্যা হলে Teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে (Mail এর Subject Organization Name: 'RPGCL', Post Name ******Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৩। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে sms-প্রেরণ, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং RPGCL-এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের স্বপক্ষে নিম্নোক্ত কাগজপত্র/সনদের মূল কপি এবং একসেট সত্যায়িত কপি মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন/জমা দিতে হবে:

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশিট এবং অভিজ্ঞতার (যদি থাকে) সনদ;
খ) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে);
ঙ) বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশি বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate);
চ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;
ছ) সদ্য তোলা তিন কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি;
জ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি।

৫। বয়সসীমা: সকল পদের জন্য প্রার্থীর বয়স ০২/০২/২০২২ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০ (ত্রিশ) বছর। তবে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্মতারিখ প্রকৃত জন্মতারিখ হিসেবে গণ্য করা হবে। 'ও' লেভেল এবং 'এ' লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্মতারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়সসংক্রান্ত কোনো এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৬। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুযায়ী মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা যাচাই করা হবে। বীর মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদনকারীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধার প্রমাণপত্র এবং প্রতিবন্ধী হিসেবে আবেদনকারীকে সমাজকল্যাণ অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রদত্ত মূল সনদ উপস্থাপন এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৭। জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। কোনো Appeared প্রার্থী আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

৮। অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই, অনলাইনে আবেদনপত্র দাখিল করার পূর্বেই পূরণকৃত/পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯। আবেদনকারীকে তার অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীসময়ে প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো সুযোগ দাবী করলে তা অগ্রহণযোগ্য হবে।

১০। কোনো প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য অসত্য/মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নির্বাচিত প্রার্থীদের প্রযোজ্যতা অনুযায়ী কোম্পানির বিভিন্ন স্থাপনায় ও প্রত্যন্ত অঞ্চলে (কক্সবাজারের মহেশখালী, মাতারবাড়ি, চট্টগ্রাম, সিলেটের গোলাপগঞ্জ, আশুগঞ্জ ও অন্যান্য স্থান) চ্যালেঞ্জিং কাজে পোস্টিং প্রদান করা হবে। প্রত্যন্ত অঞ্চলে চাকরি করতে অনাগ্রহী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১৪। কোনো কারণদর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। একজন প্রার্থী একটিমাত্র পদে আবেদন করতে পারবেন। কোনো প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।

১৬। এ নিয়োগের ক্ষেত্রে সরকারি সর্বশেষ বিধি-বিধান এবং কোম্পানির চাকরি প্রবিধানমালা ও নিয়োগ নীতিমালা অনুসরণ করা হবে।

১৭। নিয়োগসংক্রান্ত তথ্যাদি আরপিজিসিএল-এর ওয়েবসাইটে (www.rpgcl.org.bd) পাওয়া যাবে।

02/02/2022

-মহাব্যবস্থাপক (প্রশাসন)